# স্ত্রী-সন্তান লুকিয়ে বিয়ের প্রলোভনে ব্যারিস্টার ফুয়াদের বিরুদ্ধে মামলা



সংগৃহীত ছবি

বিয়ের প্রলোভন দেখিয়ে ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীকে দীর্ঘদিন ধর্ষণের অভিযোগ উঠেছে আমার বাংলাদেশ পার্টির (এবি পার্টি) সাধারণ সম্পাদক ব্যারিস্টার আসাদুজ্জামান ফুয়াদের বিরুদ্ধে। অভিযোগটি আদালতে উপস্থাপন হওয়ার পর ভুক্তভোগীর জবানবন্দি গ্রহণ শেষে ঢাকা মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট সংশ্লিষ্ট থানাকে বিষয়টি মামলা হিসেবে রেকর্ড করার নির্দেশ দেন।

অভিযোগে বলা হয় ফুয়াদ নিজের বিবাহিত পরিচয় গোপন করে নিজেকে অবিবাহিত দাবি করেন। এই পরিচয়ের ভিত্তিতে তিনি শিক্ষার্থীর সঙ্গে সম্পর্ক গড়ে তোলেন এবং বিয়ের আশ্বাস দিয়ে জোরপূর্বক বারবার শারীরিক সম্পর্কে বাধ্য করেন।

জবানবন্দিতে শিক্ষার্থী বলেন,“সে আমাকে বিশ্বাস করিয়েছে যে তার কোনো পরিবার নেই। পরে জানতে পারি তার স্ত্রী-সন্তান রয়েছে। মিথ্যা দিয়ে আমাকে ব্যবহার করেছে। আমি ন্যায্য বিচার চাই।”

LENS ASIA

এ ঘটনা প্রকাশ্যে আসার পর সামাজিকমাধ্যমে ক্ষোভ ও সমালোচনা দেখা দেয়। অনেকের প্রশ্ন

একজন আইনজীবী, যিনি আবার রাজনৈতিক দলের গুরুত্বপূর্ণ পদেও আছেন, তার বিরুদ্ধে এমন অভিযোগ উঠলে সাধারণ মানুষ কতটা নিরাপদ?

মানুষের দাবি অভিযুক্তের পেশাগত বা রাজনৈতিক অবস্থান যাতে তদন্তে কোনো প্রভাব ফেলতে না পারে, সে বিষয়ে প্রশাসনকে সতর্ক থাকতে হবে।

আদালতের নির্দেশ পাওয়ার পর থানা পুলিশ মামলার প্রক্রিয়া শুরু করেছে।